সংবাদ

তারিখ 01 APR 2008
পৃষ্ঠা ১০ কলাম ৬

# এসএসসিতে কাঠামোবদ্ধ প্রশ্ন বহাল রাখতে ৬৪ ডিসি'র কাছে স্মারকলিপি

নিজস্ব বার্তা পরিবেশক

প্রগতিশীল শিক্ষক-ছাত্র-অভিভাবক ফোরাম কাঠামোবদ্ধ প্রশ্নপত্রের আলোকে ২০১০ সালে এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের সরকারি সিদ্ধান্ত বহাল রাখার দাবিতে ৬৪ জেলায় জেলা প্রশাসক বরাবার স্মারকলিপি পেশ ও ১২ এপ্রিল পর্যন্ত অব্যাহত কর্মসূচি ঘোষণা করেছে। ফোরামের আহ্বায়ক ড. সদরুল আমিন গতকাল এই কর্মসূচী ঘোষণা করেন। কর্মসূচীর মধ্যে রয়েছে, আগামী ৪ এপ্রিল থেকে ১০ এপ্রিল পর্যন্ত সারাদেশে ছাত্র-শিক্ষক-অভিভাবকদের স্বাক্ষর সংগ্রহ অভিযান, জেলায় জেলায় মতবিনিময় সভা, ১২ এপ্রিল সংগৃহীত স্বাক্ষরের কপি প্রধান উপদেষ্টা, শিক্ষা উপদেষ্টা, শিক্ষা সচিব ও এনসিটিবি'র চেয়ারম্যানের কাছে প্রেরণ।

যৌক্তিক দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত সারাদেশে ধারাবাহিক কর্মসূচি দেয়া হবে উল্লেখ করে ফোরামের আহ্বায়ক এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, ২০১০ সাল থেকে কাঠামোবদ্ধ প্রশ্নে এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের জন্য সরকার ইতিমধ্যেই সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছে। এখন এ অবস্থান থেকে পিছিয়ে আসলে শিক্ষাক্ষেত্রে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হবে। তিনি জানান, প্রচলিত পরীক্ষা মূল্যায়ন পদ্ধতি যুগোপযোগী ও আধুনিকায়ন করা, প্রশ্নপত্র প্রণয়ন পদ্ধতি উন্নত করা এবং শিক্ষার্থীদের মুখস্ত করার প্রবণতা রোধ করার লক্ষ্যে কাঠামোবদ্ধ প্রশ্নপদ্ধতি চালু করেছে সরকার। এ লক্ষ্যে ৮৮ হাজার শিক্ষকে প্রশিক্ষণ ও চলতি বছর নবম শ্রেনী থেকে এ পদ্ধতি চালু করা হয়েছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কোটি কোটি টাকার বই ছেপেছে। কিন্তু একটি মহল নিজেদের স্বার্থ চরিতার্থ করার লক্ষ্যে এ পদ্ধতি চালুর বিরোধীতা করছে। উল্লেখ্য, শিক্ষার সার্বিক মানোন্নয়ন, শিক্ষার্থী-অভিভাবকদের আর্থিক ক্ষতির হাত থেকে বাচানো ও সরকারি সিদ্ধান্ত বহাল রাখার লক্ষ্যে ফোরাম এ আন্দোলন করছে। ইতোপূর্বে ৬৪ জেলায় ডিসি বরাবর স্মারকলিপি পেশ করা হয়েছে।